



International Parkinson and
Movement Disorder Society

পারকিনসন্স রোগে ডিপ ব্রেইন স্টিমুলেশনঃ রোগীদের জন্য অত্যাবশ্যকীয় তথ্যাবলি

চূড়ান্ত পর্যায়ের পারকিনসন্স রোগের (পি ডি) অঙ্গসঞ্চালক উপসর্গ সমূহ কি কি?

প্রথম অবস্থায় পারকিনসন্স রোগীরা যখন তাদের ঔষধ শুরু করে, তখন সাধারণত ঔষধের কার্যক্ষমতা সারাদিন ধরে বিদ্যমান থাকে। যখনই রোগের তীব্রতা বাঢ়তে থাকে, তখনই রোগীরা অনুভব করে যে ঔষধের কার্যক্ষমতা পরবর্তী ডোজের পূর্বেই শেষ হয়ে যায়, একেই বলে “ঔষধের অপস্থিমাণতা” (wearing off)। যখনই ঔষধের ক্ষয়মূল্যতা দেখা দেয় তখনই পি ডি এর লক্ষণসমূহ যেমন হাত পা কাঁপা, দীরগতি এবং চলাফেরায় অসুবিধা পুনরায় দেখা দিতে পারে। পুনরায় ঔষধ সেবন শুরু করলে আবারো লক্ষণসমূহের উন্নতি হয় এবং এই সুসময়কে “অন” (ON) পিরিয়ড এবং রোগের খারাপ অবস্থাকে “অফ” (OFF) পিরিয়ড বলা হয়। এই সব রোগীদের কিছু অনেকিছুক নড়চড়া (মোচড়ানো, ঘোরা) দেখা দেয় যাকে ডিসকাইনেশিয়া বলা হয়, যা বেশ পীড়াদায়ক।

চূড়ান্ত পর্যায়ে রোগের সহায়ক কি?

অফ পিরিয়ড এবং ডিসকাইনেশিয়া কমানোর জন্য চিকিৎসক ঔষধের সঠিক মাত্রা ও সেবনের সঠিক সময় নির্ধারণ করে দিতে পারেন। যে সকল রোগীর অফ পিরিয়ড এবং ডিসকাইনেশিয়া ঔষধ পরিবর্তনের পরেও নিয়ন্ত্রণে আসে না, তাদের ক্ষেত্রে ডিপ ব্রেইন স্টিমুলেশন (ডি বি এস) ব্যবহাত হয়। ডি বি এস এক ধরনের শৈল্য চিকিৎসা যেখানে ইলেকট্রোড নামক একটি সরু এবং আবরণ যুক্ত তার মস্তিষ্কের গভীরে স্থাপন করা হয়। ইলেকট্রোডটিকে পরে বেশ হৃলের চামড়ার নিচে রক্ষিত পেস মেকার সদৃশ একটি যন্ত্রের সাথে সংযুক্ত করা হয়। যন্ত্রটি মস্তিষ্কের গতিময়তা নিয়ন্ত্রণকারী অংশে বৈদ্যুতিক বার্তা পাঠায়। মস্তিষ্কের এই বৈদ্যুতিক উদ্দীপনা অফ পিরিয়ড এবং ডিসকাইনেশিয়া কমাতে সহায়তা করে।

কারা ডি বি এস সার্জারীর উপযুক্ত?

যে সকল পি ডি রোগীর ঔষধের সঠিক মাত্রা ও সেবনের সঠিক সময় নির্ধারণ করার পর ঔষধের সুফলের সাথে খারাপ অফ পিরিয়ড এবং অসুবিধাজনক ডিসকাইনেসিয়া থেকে যায়, তাদের ক্ষেত্রে ডি বি এস বিকল্প হতে পারে। এই ধরনের সুযোগ্য প্রার্থীদের উত্তম সামাজিক সহায়তারও প্রয়োজন।

একেতে অযোগ্য প্রার্থী তারাই যাদের রয়েছে:

গুরুতর স্মৃতিভর জনিত সমস্যা, মতিভ্রংশতা, চরম মাত্রার অবসাদগ্রস্তা এবং পি ডি রোগের অন পিরিয়েতেই হাঁটা চলায় যথেষ্ট ভারসাম্যহীনতা।

ডি বি এস এর জন্য কিভাবে রোগী বাছাই করা হয়?

ডি বি এস সংক্রান্ত পরামর্শের জন্য বিশেষায়িত নিউরো সার্জারি কেন্দ্রে যেতে হবে। অধিকাংশ ডি বি এস কেন্দ্রে যে সকল অবস্থা মূল্যায়ন করা হয় তা হলোঃ

- পি ডি বিশেষজ্ঞ নিউরোলজিষ্ট দ্বারা মূল্যায়ন
- সি টি স্ক্যান বা এম আর আই দ্বারা মস্তিষ্কের গ্রে সকল পরিবর্তন সনাক্ত করা যা সার্জারির জন্য প্রতিবন্ধক হতে পারে।
- যে সার্জন ডি বি এস করবেন তার সাথে পরামর্শ করা
- স্মৃতি ও চিন্তাশীলতাসহ যাবতীয় মূল্যায়ন

এটি নিরাপদ?

সাধারণত ডি বি এস একটি নিরাপদ পদ্ধতি। তবে সার্জারির সময় রক্তপাত বা স্ট্রাকের মত বড় ধরনের পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে। উদ্দীপনা থেকেও বড় ধরনের পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে (যা উদ্দীপনের বিন্যাস বদলের মাধ্যমে সীমিত করা সম্ভব)। অধিকাংশ পার্শ্ব প্রতিক্রিয়াই মৃদু এবং সামায়িক, যেমন: ওজন বৃদ্ধি, শব্দ স্বল্পতা, কথাবার্তার গুণগত মান কমে যাওয়া এবং পেসমেকার বা ইলেকট্রোডের সংক্রমণ। এছাড়াও আত্মহত্যার প্রবন্ধন বৃদ্ধি পেতে পারে।

ডি বি এস এর কার্যপদ্ধতি কি?

ডি বি এস সার্জারিতে সাধারণত বেশ কয়েক ঘন্টা লাগে। বেশির ভাগ সময় জেগে থাকতে হয়। বেশির ভাগ রোগীর ক্ষেত্রে মস্তিষ্কের উভয় পার্শ্বে একটি করে ইলেকট্রোড স্থাপন করতে হয়। ইলেকট্রোড কে যথাস্থানে রাখার জন্য মাথার খুলিকে একটি কাঠামোর সাহায্যে স্থির রাখা হয়। খুলির উভয় পার্শ্বে একটি করে ছোট ছিদ্র করা হয় যাতে ইলেকট্রোড স্থাপন করা যায়। তারপর, প্রতিটি ইলেকট্রোডের তার চামড়ার সুড়ঙ্গ পথে বের করে বুকের চামড়ার নিচে অবস্থিত পেসমেকারের মত যন্ত্রের (নিউরো স্টিমুলের) সাথে সংযুক্ত করা হয়।

এরপর কি হয়?

ডি বি এস সার্জারির পর একটি যন্ত্রের সাহায্যে উদ্দীপনার সর্বোৎকৃষ্ট মাত্রা নিরূপণের প্রয়োজন হয় যা নিউরো স্টিমুলেটর ও ঔষধের মধ্যে সংযোগ রক্ষা করে। সাধারণত ডি বি এস সার্জারির ৩ থেকে ৬ মাস পর যথাযথ উদ্দীপনায় পৌছানো যায়।

স্বল্পকালীন এবং অন্তর্বর্তীকালীন ফলাফল কি?

ডি বি এস সার্জারির পর রোগী নিম্নোক্ত উপকার সমূহ পেতে পারেঃ

- স্বল্পকালীন অফ পিরিয়ড
- স্বল্পকালীন ও কম মাত্রার ডিসকাইনেসিয়া
- ঔষধের ডোজের স্বল্পমাত্রা
- চলাফেরার সাথে জড়িত নয় এমন লক্ষণসমূহের উন্নতি যেমনঃ ব্যাথা, বিশ্বাসা অথবা ঘুম
- জীবন যাপনের মান উন্নয়ন

দীর্ঘ মেয়াদী ফলাফল কি?

সময়ের সাথে ডি বি এস অন পিরিয়ড ও ডিসকাইনেসিয়ার উন্নতি করতে থাকে। তবে, ডি বি এস পি ডি (PD) রোগতি নিরাময় অথবা এর অগ্রসরতা বন্ধ করতে পারে না।



মূল: ইন্টারন্যাশনাল পারকিনসন এন্ড মুভমেন্ট ডিজঅর্ডার সোসাইটি
বঙ্গানুবাদ ও প্রকাশনায়: মুভমেন্ট ডিজঅর্ডার সোসাইটি অফ বাংলাদেশ